# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৪৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মসজিদে প্রবেশকারীকে আল্লাহর রহমাতের দরজাসমূহ খুলে দেওয়ার জন্য প্রার্থনা করার নির্দেশ প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ الْأَمْرِ بِسُؤَالِ اللَّهِ جَلَّ وَعَلَا فَتْحَ أَبْوَابِ رَحْمَتِهِ لِلدَّاخِلِ الْمَسْجِدَ

---

আরবী

2046 - أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدٍ عَنْ بِشْرِ بْنِ الْمُفَضَّلِ قَالَ: حَدَّثَنَا عُمَارَةُ بْنُ غَزِيَّةَ عَنْ رَبِيعَةَ بْنِ أَبِي عَبْدِ الرَّحْمَنِ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْمَلِكِ بْنُ سَعِيدِ بْنِ سُوَيْدٍ الْأَنْصَارِيُّ عَنْ أَبِي حُمَيْدٍ أَوْ أَبِي أُسَيْدٍ السَّاعِدِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِذَا دَخَلَ أَحَدُكُمُ الْمَسْجِدَ فَلْيُسَلِّمْ وَلْيَقُلِ: اللَّهُمَّ افْتَحْ لِي أَبْوَابَ رَحْمَتِكَ وَإِذَا خَرَجَ فَلْيَقُلِ: اللَّهُمَّ إِنِّي أسألك من فضلك)

الراوي : أَبُو حُمَيْدٍ أَوْ أَبُو أُسَيْدٍ السَّاعِدِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني |

المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2046 | خلاصة حكم المحدث: صحيح - ((الكلم الطيب)) (65)

বাংলা

২০৪৬. আবূ হুমাইদ অথবা আবূ উসাইদ সা’ঈদী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখন তোমাদের কেউ মাসজিদে প্রবেশ করবে, তখন সে যেন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উপর সালাম পেশ করে এবং বলে اللَّهُمَّ افْتَحْ لِي أَبْوَابَ رَحْمَتِكَ (হে আল্লাহ, আপনি আমার জন্য আপনার দরজাসমূহ উন্মুক্ত করে দিন)। আর যখন মাসজিদ থেকে বের হবে, তখন সে যেন বলে اللَّهُمَّ إِنِّي أسألك من فضلك (হে আল্লাহ, নিশ্চয়ই আমি আপনার অনুগ্রহ প্রার্থনা করছি)।”[1]

ফুটনোট

[1] সুনান বাইহাকী: ২/৪৪১; সহীহ মুসলিম: ৭১৩; আবূ আওয়ানা: ১/৪১৪; আবূ দাঊদ: ৪৬৫; সুনান বাইহাকী: ২/৪৪২; দারেমী: ১/৩২৪; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৬৬৫; ইবনু মাজাহ: ৭৭২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আল কালিমুত তয়্যিব: ৬৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91364

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন